রেজিস্টার্ড নং ডি এ-১ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, জুলাই ২৬, ২০২২**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**অর্থ বিভাগ**

**(বাস্তবায়ন অনুবিভাগ)**

## আদেশ

তারিখ : ৯ শ্রাবণ, ১৪২৯ বঙ্গাব্দ/২৪ জুলাই, ২০২২ খ্রিষ্টাব্দ

**এস, আর, ও নং ২৫৩-আইন/২০২২।**—সরকার, সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ১৫ এ প্রদত্ত ক্ষমতাবলে চাকরি [স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠানসমূহ] (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত আদেশের অনুচ্ছেদ ১১ এর—

(১) উপ-অনুচ্ছেদ (১) এর দফা (ঙ) এর প্রান্তঃস্থিত " ।" দাঁড়ি চিহ্নের পরিবর্তে ";" সেমিকোলন চিহ্ন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ নূতন দফা (চ) সন্নিবেশিত হইবে, যথা:—

"(চ) পিএইচডি ডিগ্রিসহ প্রথম নিয়োগপ্রাপ্ত অথবা চাকরিরত বা কর্মরত থাকাকালীন পিএইচডি ডিগ্রি অর্জনকারী পাবলিক বিশ্ববিদ্যালয়ের কোন শিক্ষক যে পদে কর্মরত থাকিবেন, উক্ত পদের জন্য নির্ধারিত ও আহরিত বেতনগ্রেড অনুযায়ী তিনি পিএইচডি ডিগ্রি অর্জনের জন্য ৩ (তিন)টি অগ্রিম বেতনবৃদ্ধির সুবিধা প্রাপ্য হইবেন:



**মূল্য :** টাকা ৪.০০

তবে শর্ত থাকে যে, উক্তরূপ সুবিধা পরবর্তী পদোন্নতি বা উচ্চতর গ্রেড (টাইমস্কেল, সিলেকশন গ্রেড বা অন্য যে কোন নামে প্রাপ্য বা প্রাপ্ত উচ্চতর গ্রেড) প্রাপ্তি বা অন্য কোন ক্ষেত্রে প্রযোজ্য হইবে না এবং ইহা কেবল একবারের জন্য প্রযোজ্য হইবে:

আরও শর্ত থাকে যে, পিএইচডি ডিগ্রির অভিসন্দর্ভের (thesis) বিষয়টি বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক স্বীকৃত এবং শিক্ষকদের শিক্ষাদান সংশ্লিষ্ট বিষয়ের সহিত সামঞ্জস্যপূর্ণ হইতে হইবে।"; এবং

(২) উপ-অনুচ্ছেদ (৩) এর পরিবর্তে নিম্নরূপ উপ-অনুচ্ছেদ (৩) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(৩) উপ-অনুচ্ছেদ (১) এর দফা (চ) এর ক্ষেত্র ব্যতীত অন্যান্য ক্ষেত্রে, এই অনুচ্ছেদে উল্লিখিত অগ্রিম বেতনবৃদ্ধি কেবল চাকরিতে প্রথম নিয়োগ লাভের সময় প্রাপ্য হইবেন এবং উহা পরবর্তী পদোন্নতি প্রাপ্তির ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।"।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**হাবিবুন নাহার**
অতিরিক্ত সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd